

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
Bogura Palli Bidyut Samity-2
২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া।



E-mail : bograpbs2@gmail.com, Web: www.pbs2.bogura.gov.bd

স্মারক নং-২৭.১২.১০৮৫.৫৭৪.০১.০০৮.২২. ২৫৮৩

তারিখঃ ১৯ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২২ খ্রিঃ

“নিলাম বিজ্ঞপ্তি”


বিষয়ঃ অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি প্রসংগে।

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর বগুড়া কর্তৃক পবিসের পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের অব্যবহৃত প্যাকিং কাঠ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলগালা খামে দরপত্র আহবান করা যাচ্ছে। প্যাকিং কাঠের বিবরণ নিম্নরূপঃ

ক্র: নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (প্রতি মন) (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	০২	০৩	০৪	০৫
০১	অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)	৫০ মন (কম/বেশী হতে পারে)		
কথায়ঃ-----			সর্বমোট=	


শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ১৩/০৭/২০২২ ইং তারিখ রোজ বুধবার দুপুর ১১:৩০ ঘটিকার মধ্যে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া এই ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। ডাকযোগে এবং নির্ধারিত সময়ের পর কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। দাখিলকৃত নিলাম দরপত্র একই তারিখ ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। খামের উপর “অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) এর নিলাম দর” কথাটি স্পষ্ট আকারে লিখতে হবে।
- ০৩। নিলাম উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে নিরাপত্তা জামানত বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। অন্যথায়, প্রাপ্ত দর বিবেচনা করা হবে না।
- ০৪। অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) সমূহ আগামী ১২/০৭/২০২২ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া এ পরিদর্শন করা যাবে।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, প্রাপ্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত দরের উপর পৃথকভাবে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর ১০% এবং ভ্যাট ৭.৫% প্রদান করতে হবে, যা কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান/ব্যক্তি-কে মালামাল গ্রহণের পূর্বেই নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করতে হবে।
- ০৭। অত্র সমিতির কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা উপদেষ্টার স্বামী/স্ত্রী বা উভয়ের রক্ত সম্পর্কীয় কেউ নিলামে অংশ গ্রহণ করিতে পারবেন না।
- ০৮। উক্ত নিলাম বিজ্ঞপ্তির শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দর গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ আমজাদ হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ০৪। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৫। পুলিশ সুপার, বগুড়া।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, বগুড়া।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বগুড়া।
- ০৯। ডেপুটি জেনারেল ম্যানেজার-কারিগরি/ ধুনট/গাবতলী/শেরপুর/সারিয়াকান্দি/সোনাতলা জোনাল অফিস, বগুড়া পবিস-২।
- ১০। সহ-জেনারেল ম্যানেজার-অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/আইটি, বগুড়া পবিস-২।
- ১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট www.pbs2.bogra.gov.bd, বগুড়া পবিস-২।
- ১২। অফিস/মাস্টার কপি।


০৩.০৭.১৮
মোছাঃ নুসরাত ইবরোজ
এজিএম (প্রশাসন)